ডাঃ এস. বরণ দাসচক্রবর্তী, এম.ডি., ডি.এম. (গ্যাসট্রো)	১ম ও ৩য় রবি	—
ডাঃ নিরাজ আগরওয়ালা, ডি.এম. (গ্যাসট্রো)	সোম থেকে শুক্র	—
ডাঃ চয়ন কুমার রায়, এম.ডি. (মেডি.), ডি.এন.বি. (গ্যাসট্রো)	—	২য় ও ৪র্থ বৃহস্পতি
ডাঃ সৌমিক ঘোষ, এম.ডি., পি.এইচ.ডি. (ডব্লুবিইউএইচএস)	—	মাসে তিনদিন
ডাঃ সুদীপ আড্ডি, এম.বি.বি.এস., ডি.টি.এম.এইচ. (গ্যাসট্রোএনটেরলজিস্ট) ও গ্যাসট্রো-ইনটেসটিনাল এন্ডোস্কোপিস্ট)	—	১ম বৃহস্পতিবার
স্ত্রী ও প্রসূতি রোগ (গাইনোকলজি)		
ডাঃ এস. এন. শর্মা, ডি.জি.ও., এম.ডি.	সোম থেকে বৃহস্পতি	—
ল্যাপরোস্কপি ও জেনারেল সার্জারি		
ডাঃ এম. প্রামানিক, এম.এস. (এ.আই.আই.এম.এস.)	প্রতিদিন	—
ডাঃ এ. এ. আবু আহমেদ, এম.এস. (জেনারেল সার্জারী)	—	সোম থেকে শুক্র ও রবি
ডাঃ রাজা বসাক, এম.এস. (জেনারেল সার্জারী)	—	সোম থেকে বুধ, শনি ও রবি
জি. আই. সার্জারী		
ডাঃ তুহীন শুভ্র মন্ডল, এম.এস., এম.সি.এইচ. (এ.আই.আই.এম.এস.)	প্রথম ও তৃতীয় রবিবার	—

দিশারী হেল্থ পয়েন্ট # 97340 99999

আউটডোর চিকিৎসকদের তালিকা	দিশারী হেলথ্ পয়েন্ট	দিশারী পলিক্লিনিক
ক্যানসার বিশেষজ্ঞ (মেডিক্যাল অনকোলজি)		
ডাঃ কাজী সাজ্জাদ মনির, এম.ডি., ডি.এন.বি. (আর.টি.)	মাসে একদিন	—
ডাঃ অর্ণব অধিকারী, এম.ডি. (আর.টি.)	মাসে তিনদিন	—
ডাঃ তন্ময় বসাক, এম.ডি. (রেডিয়েশন অনকোলজি)	বুধ ও বৃহঃ	—
কিডনি সংক্রান্ত রোগ (নেফ্রোলজি)		
ডাঃ বিস্ময় কুমার, এম.ডি., ডি.এম. (নেফ্রো)	মাসে একদিন	—
কার্ডিও ভাসকুলার এবং থোরাসিক সার্জারী		
ডাঃ জাভিদ ভেকার সাদিক, এম.বি.বি.এস., ডি.টি.এম.এন্ডএইচ., ডি.সি.এইচ., এম.এস., এম.সিএইচ. (সিটিভিএস), কনসালটেন্ট কার্ডিও ভাসকুলার এবং থোরাসিক সার্জারী	মাসে একদিন	—
স্নায়ু রোগ বিশেষজ্ঞ (নিউরো মেডিসিন)		
ডাঃ সিদ্ধার্থ শঙ্কর আনন্দ, এম.ডি., ডি.এম. (নিউরো মেডিসিন)	৩য় রবিবার	—
ডাঃ পিনাকি মাইতি, ডি.এম. (নিউরো) মেডিসিন	—	২য় রবিবার
ডাঃ সৌরভ হাজরা, এম.বি.বি.এস., এম.ডি., ডি.এম. (পিএইডি নিউরো)	মাসে একদিন	—
ডাঃ সুব্রত হালদার, ডি.এম. (নিউরো)	—	২য় ও ৪র্থ মঙ্গল
স্নায়ু ও মানসিক রোগ (নিউরো সাইকিয়াট্রি)		
ডাঃ রূপক কুমার সাহা, এম.বি.বি.এস. (কোল), এম.ডি., (সাইকিয়াট্রি)	মাসে একদিন	—
ডাঃ পি. কে. সাহা, এম.ডি. (নিউরো সাইকিয়াট্রি)	মাসে একদিন	—
ডাঃ অনিন্দ্য কুমার রায়, এম.ডি. (নিউরো সাইকিয়াট্রি)	—	১ম বৃহস্পতিবার
ডাঃ সান্তারুল হক, এম.ডি. (সাইকিয়াট্রি)	—	প্রত্যেক মঙ্গলবার
নিউরো সার্জারি		
ডাঃ সমির সাহা, এম.বি.বি.এস., এম.সি.এইচ. (নিউরো সার্জারী)	—	প্রতিদিন
ডাঃ ইন্দ্রজিৎ রানা, ডি.এন.বি. (সার্জারী), ডি.এন.বি. (নিউরো সার্জারী)	প্রত্যেক শুক্র	—
চক্ষু রোগ বিশেষজ্ঞ (অফথালমোলজিস্ট)		
ডাঃ (মিসেস) সোনম প্রামাণিক (তলোয়ার), এম.এস. (অপ্থালমোলজিস্ট)	প্রতিদিন	—
ফুসফুস এবং অ্যালার্জিজনিত শ্বাস-প্রশ্বাস সম্বন্ধীয়		
ডাঃ শৈবাল মৈত্র, এম.ডি. (রেস, মেড), এফ.সি.সি.পি. (ইউ.এস.এ.)	৪র্থ রবিবার	—
ডাঃ সৌমিত্র সিনহা রায়, এম.ডি., ডি.টি.সি.ডি., এম.আর.সি.পি., এফ.সি.সি.পি., এফ.আর.সি.পি.	মাসে একদিন	—
অস্থিরোগ ও শল্য চিকিৎসা (অর্থপেডিক)		
ডাঃ জি. জি. কর, এম.এস., (অর্থো)	মাসে দুইদিন	—
ডাঃ তাপস কুমার বনিক, এম.বি.বি.এস., ডি. (অর্থোপেডিক সার্জেন)	—	প্রতিদিন
ডাঃ সুভাশিষ রঞ্জন মিত্র, এম.এস. (অর্থো)	সোম ও মঙ্গল	—
ডাঃ সাকেত কুমার প্যাটেল, এম.এস. (অর্থো)	বৃহঃ থেকে রবি	—
ডাঃ জিসান আজাদ, এম.এস. (অর্থো)	—	সোম, বৃহঃ, শুক্র, রবি
শিশু রোগ বিশেষজ্ঞ (চাইল্ড স্পেশালিস্ট)		
ডাঃ দীপান্বিতা সাহা, এম.বি.বি.এস., এম.ডি. (পেডিয়াট্রিকস)	—	সোম থেকে শনি
ডাঃ বিশ্বদ্বীপ দাস, এম.ডি. (পেডিয়াট্রিকস)	—	প্রতিদিন

দিশারী পলিক্লিনিক # 89006 222 22

আউটডোর চিকিৎসকদের তালিকা	দিশারী হেলথ্ পয়েন্ট	দিশারী পলিক্লিনিক
মেরুদন্ড সম্বন্ধীয় (স্পাইন সার্জেন)		
ডাঃ ময়ূখ গুহ, এম.বি.বি.এস., এম.এস. (অর্থো) এফ.এন.বি. স্পাইন সার্জেন	—	১ম ও ৩য় বুধ
ফুসফুস বা শ্বাস-প্রশ্বাস সম্বন্ধীয় (রেসপিরেটরি মেডিসিন)		
ডাঃ মহঃ ইকবাল হাসান, এম.বি.বি.এস., এম.ডি. (রেস. মেড)	বুধ থেকে শনি	—
ডাঃ (শ্রীমতি) এস. উন্নিথান (রায়), এম.ডি. (রেস. মেড)	অনুমত্যনুসারে সাক্ষাৎ	—
ফিজিসিয়ান		
ডাঃ মোহঃ জাহাঙ্গীর গাজী, এম.বি.বি.এস., এম.ডি. (ক্রিটিকাল কেয়ার ও মেডিসিন)	মঙ্গল থেকে শনি	অনুমত্যনুসারে সাক্ষাৎ
ডাঃ মধুরিমা সাহা, এম.বি.বি.এস., এম.ডি. (ক্রিটিকাল কেয়ার পেইন মেডিসিন)	বুধ থেকে শনি	—
ডাঃ কাকলি ঘোষ, এম.বি.বি.এস., এম.ডি. (মেডিসিন)	—	সোম থেকে শনি
ডাঃ সন্দীপ আগরওয়ালা, এম.বি.বি.এস., ফেলোসিপ ইন্ নেফ্রোলজি	প্রতিদিন	—
ডাঃ তাপস সরকার, এম.বি.বি.এস.	—	অনুমত্যনুসারে সাক্ষাৎ
ডাঃ জামিরুল ইসলাম, এম.ডি. (মেডিসিন)	—	অনুমত্যনুসারে সাক্ষাৎ
ডাঃ মোহিদুর রহমান, এম.ডি., ডি.এন.বি.	অনুমত্যনুসারে সাক্ষাৎ	—
বাত, ব্যথা (রিউম্যাটলজি)		
প্রফেঃ (ডাঃ) জে. রায়, এম.ডি., ডি.এন.বি. (রিউ)	—	২য় রবি ও ৪র্থ শুক্র
চর্ম রোগ বিশেষজ্ঞ (স্কিন স্পেশালিস্ট)		
ডাঃ বিথীকা লোধ, এম.ডি. (স্কিন)	—	সোম, বৃহঃ থেকে শনি
ডাঃ সুরভি শর্মা, এম.ডি. (স্কিন)	—	মাসে একদিন
মূত্রথলী ও মূত্রনালী শল্য চিকিৎসা (ইউরোলজি)		
ডাঃ প্রসূন প্রামাণিক, এম.এস., এম.সি.এইচ. (ইউরো)	প্রতিদিন	—
নিউট্রিশন (ডায়েট)		
শ্রীমতি পিয়ালী রায় লালা, বি.এস.সি., এম.এস.সি., ডায়াটেসিয়ান	প্রতিদিন	—
ফিজিওথেরাপি		
ডাঃ আবরার আলম, (পি.টি.), এম.পি.টি. (অর্থো), চিরোপ্রাকটিস চিকিৎসা বিশেষজ্ঞ	—	বুধবার ও শনিবার
ডাঃ শুভদীপ বেরা, বি.পি.টি., এম.পি.টি.	—	সোম থেকে শনি

আমাদের ডায়াগনস্টিক সুবিধা ঃ—

- **প্যাথলজি ও মাইক্রোবায়োলজি ঃ** হিস্টোপ্যাথলজি, সাইটোলজি, বোন - ম্যারো স্টাডি, ট্রেফাইন বায়োপসি সহ সমস্ত প্যাথলজিক্যাল ও মাইক্রোবায়োজিক্যাল পরীক্ষা।
- **আল্ট্রাসাউন্ড এবং ইমেজিং ঃ** MRI 1.5 T with In-Bore facility, CT Scan, 4D কালার ডপলার আল্ট্রা সোনোগ্রাফি, পেরিফেরাল ভাস্কুলার স্টাডি, Digital এক্স-রে।
- **গ্যাস্ট্রোএন্টারোলজি ঃ** এন্ডোস্কোপি, কোলোনোস্কপি (ডায়াগনস্টিক এবং থেরাপিউটিক), ERCP (ডায়াগনস্টিক এবং থেরাপিউটিক), MRCP এন্ডোস্কোপিক ভেরিসিয়াল লিগেশন (EVL), ফাইবার অপটিক ল্যারিঙ্গোস্কোপি (FOL), পলিপেক্টমি।
- **কার্ডিওলজি ঃ** কালার ডপলার স্টাডি সহ ইকো-কার্ডিওগ্রাফি, ECG (ডিজিটাল), TMT (ডিজিটাল), হোল্টার মনিটর (ডিজিটাল), ২৪ ঘন্টার ব্লাড প্রেসার মনিটরিং।
- **ইউরোলজি ঃ** ইউরোডাইনামিক স্টাডি, ইউরোফ্লোমেট্রি Lithotripsy (Therapeutic)
- **নিউরোলজি ঃ** EEG, EMG এবং NCV (সমস্ত অঙ্গ), SSEP, VEP, BERA.
- **অ্যালার্জি ও হাঁপানি ঃ** স্কিন অ্যান্ড ড্রাগ অ্যালার্জি, স্পাইরোমেট্রি।

Dishari
HEALTH POINT PVT. LTD.
Google Reviews ★★★★★
Suggestion & Feedback
19, B.G. ROAD, MOKDUMPUR, MALDA- 732103, WEST BENGAL.
Helpline No. 8116602193/ 99

দিশারী হেল্থ পয়েন্ট # 97340 99999

সুগার কমাতে

(প্রথম পাতার পর)

আবার যে সমস্ত মহিলার জেস্টেশনাল ডায়াবেটিস হয়েছে তাদেরও প্রত্যেক বছর, স্ক্রিনিং করতে হবে। যদি কোনক্ষ্ম ওভাবে জেস্টেশনাল ডায়াবেটিস নাও হয়ে থাকে অথব ভূমিষ্ঠ সন্তানের ওজন যদি সাড়ে তিন কেজির বেশি হয়, সেক্ষেত্রেও প্রেগন্যান্সির পর প্রত্যেক বছর ব্লাড সুগার স্ক্রিনিং, অর্থাৎ, ফাস্টিং, পিপি, এইচবিএ-১সি পরীক্ষা করাতেই হবে।

এবার আসি দ্বিতীয় প্রশ্নের উত্তরে। প্রি-ডায়াবেটিস পর্যায় থেকে ডায়াবেটিসে যাওয়া ঠেকানো সম্ভব। কারণ ডায়াবেটিস হল একটি লাইফস্টাইল ডিজিজ।

জানলে অবাক হবেন, শুধুমাত্র জীবনযাত্রার পরিবর্তন করেই ব্লাড সুগারের মাত্রা অনেকখানি পরিবর্তন করা যায়। তার মধ্যে প্রথম যে পরিবর্তন করা দরকার তা হল ডায়েটে পরিবর্তন। ফাইবারবিহীন যে কোনও খাদ্য খাওয়া এক্ষেত্রে এড়িয়ে চলা দরকার। তার সঙ্গে করতে হবে এক্সারসাইজ।

মানে সুগার কমাতে ওষুধ খাদ্যাভ্যাসে নিয়ন্ত্রণ আনলেই হবে? কোন কোন খাবার খাদ্যতালিকা থেকে আগে বাদ দেওয়া দরকার? আর কী কী খাওয়া দরকার?

প্রথমেই ময়দার তৈরি খাবার যেমন পাউরুটি, নুডলস, লুচি সম্পূর্ণভাবে এড়িয়ে চলা দরকার। এছাড়া উচ্চ মাত্রার শর্করা আছে এমন কিছু খাদ্য যেমন ভাত, চিঁড়ে এড়িয়ে চলাই ভালো।

খেতে হবে একটু জটিল ধরনের শর্করা যেমন ওটস, কিনোয়া, ছাতু, জোয়ার, বাজরা, রাগি-এর মতো খাদ্য। এছাড়া খাদ্যতন্তু বেশি থাকে এমন খাদ্যও খাওয়া দরকার যেমন শাকসবজি, ফল ইত্যাদি।

এছাড়া লাঞ্চ ও ডিনার শুরু করতে হবে স্যালাড দিয়ে, কারণ আমাদের খাবারে ফাইবারের মাত্রা অনেকখানি কম থাকে। তাই যখনই খাবার খাবেন তার আগে খাদ্যবস্তুর মধ্যে ফাইবার কতখানি আছে তা দেখতে হবে। না থাকলে স্যালাড ভরসা। এছাড়া খাবার খেতে হবে অল্প অল্প করে আর বার বার।

একটু উদাহরণ দিয়ে বলুন যে কীভাবে খাবার খেতে হবে?

লাঞ্চ এবং ডিনার করার আগে ১ বাটি করে স্যালাড খেয়ে নেওয়া দরকার। স্যালাডে রাখুন গাজর, টমেটো, শসা। সঙ্গে দিতে পারেন সেদ্ধ ব্রকোলি, বিনস ইত্যাদি। এর উপর একটু লেবু আর ধনে পাতা দিয়ে মেখে নিন। এভাবে লাঞ্চ বা ডিনারের আগে একবাটি স্যালাড খেলে ভাত বা রুটি বেশি মাত্রায় খাওয়ার প্রবণতা কমবে। এছাড়া এমন স্যালাডে প্রচুর মাত্রার ফাইবার খাতায় রক্তে সুগারও চট করে মিশবে না। দ্রুত রক্তে গ্লুকোজের মাত্রা বাড়ার আশঙ্কা কমবে। এছাড়া কমাতে হবে প্রসেসড ফুড খাওয়া প্রবণতা। অর্থাৎ চিপস, চানাচুর, বিস্কুট, কুকিজ, ক্র্যাকার্স, কোল্ড ড্রিংকস, এনার্জি ড্রিংকস, প্যাকেটজাত ফলের রস, ইনস্ট্যান্ট নুডলস, কাপ-নুডলস এবং রেডি-টু-ইট স্যুপ, বার্গার, পিজ্জা, ফ্রোজেন নাগেটস, সসে, ক্যান্ডি, চকোলেট, পেষ্ট্রি, বোতলজাত স্যস, মেয়োনিজ, পিনাট বাটার, প্যাকেটজাত মাংস, প্রক্রিয়াজাত পনির, চিজ, মিষ্টি দই, সাদা পাউরুটি বা হোয়াইট ব্রেড ইত্যাদি খাওয়া চলবে না।

এই খাবারগুলি খেতে নিষেধ করার মূল কারণগুলি হল, এই ধরনের খাদ্যে খাদ্যতন্তু বা প্রাকৃতিক ফাইবার না থাকায় এই খাবারগুলো দ্রুত হজম হয়ে যায়। আসলে খাদ্যতন্তু বা ফাইবার থাকে না বললেই চলে। এই ধরনের খাদ্য রক্তের গ্লুকোজ লেভেলকে দ্রুত বাড়িয়ে দেয়। এভাবে দ্রুতগতিতে রক্তে গ্লুকোজের মাত্রা বেড়ে যাওয়ার বিষয়টিকে বলে সুগার স্পাইক। এছাড়া কোল্ড ড্রিংকস, ক্যান্ডি বা ফলের রসে সরাসরি চিনি থাকে — এটা আমরা সবাই জানি। কিন্তু স্যস, মেয়োনিজ, পিনাট বাটারেও প্রচুর পরিমাণে লুকনো চিনি থাকে। এই ধরনের খাদ্যের গ্লাইসেমিক ইন্ডেক্স (জিআই) অনেক বেশি। হাই জিআই সম্পন খাবার খাওয়ার সঙ্গে সঙ্গেই সুগার স্পাইক ঘটে। বার বার এমন সুগার স্পাইক হলে শরীরে বিভিন্ন অঙ্গের রক্তনালীতে সুগার জমতে থাকে যা ধীরে ধীরে ওই অঙ্গটির ক্ষতি করতে থাকে। এখানেই শেষ নয়। ফ্রোজেন নাগেটস, সসেজ বা প্যাকেটজাত মাংস সংরক্ষণের জন্য নানা রাসায়নিক ও ট্রান্স ফ্যাট ব্যবহার করা হয়। এগুলো শরীরে প্রদাহ সৃষ্টি করে যা অগ্ন্যাশয়ের ইনসুলিন তৈরি করার ক্ষমতায় নেবিাচক প্রভাব ফেলে।

এখানেই শেষ নয়। ভাজা যেকোনোও জিনিস খাওয়া সম্পূর্ণভাবে কমাতে হবে। সেক্ষেত্রে মনে হতে পারে যে, খাওয়ার জন্য কোনও খাদ্যসবস্তুই তো আর বেঁচে থাকলো না। সেদ্ধই খেয়ে যেতে হবে সারাজীবন। না, এমন নয় বিষয়টা। একটু বুদ্ধি করে চলতে হবে। যেমন পাঁপড় না ভেজে বরং পুড়িয়ে খেলেই ভালো। বেগুনও না ভেজে পুড়িয়ে খেএলই ভালো ঢেঁড়শ না ভেজে পুড়িয়ে খেলেই লাভ বেশি। এছাড়া যে সব সব্জি খোসা সমেত খাওয়া যায় সেগুলি খেতে হবে। পটোল একেবারে খোসা বাদ দিয়ে না খেয়ে সব্জি কটার সময় গায়ে একটু খোসা লাগিয়ে খেলে বেশি উপকার পাবেন। খোসাসুদ্ধ সব্জি খাওয়ার কথা যখন বলা হচ্ছে তখন ফলের কথাও বলতে হয়। আপেল, নাশপাতি খোসে সমেত খাওয়াই ভালো। পেয়ারা খোসা সমেত খেতে হবে। খাদ্যাভ্যাসে এমন ছোট্ট ছোট্ট পরিবর্তন আর তার সঙ্গে নিয়মিত ৪৫ মিনিট হাঁটার অভ্যেস বজায় রাখলে প্রি-ডায়াবেটিস পর্যায় থেকে ফিরে আসা সম্ভব। এমনকী যাঁরা রক্তে বেশি মাত্রায় সুগারের সমস্যায় ভঞ্ঞগছেন তাঁরাও পাবেন উপকার।

অনেকেই বলেন সুগার ধরা পড়ার থেকে আর চায়ে চিনি দিয়ে খাচ্ছি না। শুধু কি খাবারে চিনি বাদ দিলেই সুগার কমানো সম্ভব? অনেকে চায়ে চিনি বাদ দিয়ে পান করেন। শরবতও পান করেন না।

এই অভ্যেস রক্তে চট করে সুগারের মাত্রাবৃদ্ধি অনেকটাই রোধ হয়। সমস্যা হল, আজকাল ভুল ধারণার বশবর্তী হয়ে চিনির বদলে গুড় খান। সেক্ষেত্রে সুগার কিন্তু কমবে না। চা, কফি যাই খান না কেন, প্রথম দুধ আর চিনি ছাড়াই খাবেন। মিষ্টিজাতীয় যদি কিছু খেতেই হয় তাহলে ভালো গুণমানের ১ চামচ মধু সকালে গ্রিন-টি-এর মধ্যে ১ চামচ মধু মিশিয়ে খাওয়া যায়। আর কফির সঙ্গে বড়জোর তালমিছরি দিয়ে খাওয়া যেতে পারে।

এগুলি প্রাকৃতিক, তবে নিয়ম মেনে খেতে হবে।

তবে আপাত নিরাপদভাবে যে মিষ্টি ব্যবহার করা যেতে পারে তা হল — (১) ষ্টিভিয়া পাতার চূর্ণ (২) মঙ্ক ফ্রুট থেকে যে চিনি পাওয়া যায় সেই চিনি। ষ্টিভিয়া বাজারে পাওয়া গেলেও মঙ্ক ফ্রুটের চিনি পাওয়া একটু সমস্যাবহুল হয়ে যায়।

মুশকিল হল, এই ধরনের প্রাকৃতিক মিষ্টির স্বাদও অনেকের কাছে তেতো ঠেকে। আসলে এই ধরনের প্রাকৃতিক চিনি খাদ্যবস্তুতে মিষ্টি স্বাদ আনতে পারে খুব সামান্য মাত্রার প্রয়োগেই!

অর্থাৎ কোনও ব্যক্তি যদি ১ কাপ চায়ে ১ চামচ চিনি মিশিয়ে খান, তাহলে মঙ্ক ফ্রুটের চিনি লাগবে ১ চা চামচের ২০ ভাগের ১ ভাগ বা এক চিমটে। ষ্টিভিয়া ব্যবহারের নিয়মও প্রায় এইরকম। ১ চা চামচের মিষ্টত্ব পাওয়া যায় এক চিমটে ষ্টিভিয়া থেকেই।

ফলে বেশি মাত্রায় এই ধরনের প্রাকৃতিক চিনি ব্যবহার করলে খাদ্যবস্তু স্বাদে তিতকুটে হয়ে পড়ার আশঙ্কা উড়িয়ে দেওয়া যাবে না।

আজকালে বাজারে সুগার ফ্রি কেক, পেষ্ট্রি বিক্রি হয় বলে দাবি করা হয়। আদৌ বিষয়টি কতখানি সম্ভব?

চিনি কী? চিনি হল সরল শর্করা, সরল শর্করা খেলেই রক্তে বাড়বে সুগার। তেমনই কেক, পেষ্ট্রি, কুকিজে দেওয়া হয় একধরনের ইন্ডাষ্ট্রিয়াল ষ্টার্চ যার নাম মল্টোডেক্সট্রিন। মল্টোডেক্সট্রিন সুগারের থেকেও বিপজ্জনক। চিনির গ্লাইসেমিক ইনডেক্স ৬৫-৭০। মল্টোডেক্সট্রিন-এর গ্লাইসেমিক ইনডেক্স প্রায় ১০৫। সুতরাং এই ধরনের খাদ্য কেনার সময় আমাদের খেয়াল করে দেখতে হবে ঠিক কোন ধরনের স্টার্চ ওই খাদ্যে মেশানো আছে। অর্থাৎ চিনি আছে নাকি মল্টোডেক্সট্রিন আছে। এই যে লোকে বলে তাঁরা সুগার ফ্রি বিস্কুট খাচ্ছেন, জানলে অবাক হবেন এই সুগার ফ্রি বিস্কুটও তৈরি হয়েছে ময়দা দিয়ে। আর ময়দা হচ্ছে রিফাইনড কার্বোহাইড্রেট বা সরল শর্করা, যা রক্তে চট করে মিশে সুগার স্পাইক ঘটায়। ফলে যাই খান না কেন, তা ব্লাড সুগার বাড়বে। একইরকমভাবে বিস্কুটও এড়িয়ে চলার চেষ্টা করতে হবে। ফলে বিস্কুট খাওয়ার চাইতে ভালো পপর্কন বা ছানা খাওয়া।

তেলের মাত্রা কমানোর কথা বলছিলেন।

হ্যাঁ। অবশ্যই কমাতে হবে তেলের মাত্রা। সমস্ত রকম সিড অয়েল আমাদের শরীরে নেবিাচক প্রতিক্রিয়া তৈরি করে। উদাহরণ হিসেবে চানাচুরের কথা বলা যায়। চানাচুর তৈরি করা হয় পাম অয়েল দিয়ে। পাম অয়েল বিভিন্ন অঙ্গে চর্বি আকারে জমা হয়। অর্থাৎ ফ্যাট কোষের সংখ্যার বাড়ায়, যা আবার ইনসুলিন রেজিষ্ট্যান্স তৈরি করে। শুধু পাম অয়েল নয়, তার সঙ্গে অন্যান্য তেল, মাখন, ঘি মাত্রাতিরিক্ত হারে খেলে তা দেহে চর্বি আকারে জমা হয় ও ইনসুলিন রেজিষ্ট্যান্স বাড়ায়। সুতরাং তেল জাতীয় খাদ্য খাওয়া কমিয়ে বাড়ানো দরকার প্রোটিন ও ফাইবার জাতীয় খাদ্যের মাত্রা বৃদ্ধি করা। প্রোটিন ও ফাইবার প্রধান খাদ্য আমাদের দীর্ঘসময় পেট ভর্তি রাখতে সাহায্য করে। ফলে উল্টোপাল্টা খাওয়া হয় না। সুগারের মাত্রা ও রক্তে দ্রুত বাড়ে না।

ডায়াবেটিস রোগী কীভাবে পাতে স্বাস্থ্যকর প্রোটিন ও ফাইবার জাতীয় খাদ্য রাখতে পারে?

পাতে নানাভাবে স্বাস্থ্যকর প্রোটিন যুক্ত করার উপায় জানতে হলে আগে স্বাস্থ্যকর প্রোটিনের উৎস সম্পর্কে জানতে হবে।

উদ্ভিজ্জ প্রোটিন ঃ ডাল (মুগ, মসুর), ছোলা, রাজমা ও সয়াবিন। প্রোটিনের পাশাপাশি ফাইবারও থাকে এই ধরনের খাদ্যে।

প্রাণিজ প্রোটিন ঃ মুরগির মাংস, সামুদ্রিক মাছ বা দেশি মাছ। মাছের ওমেগা-৩ ফ্যাটি অ্যাসিড হার্টের জন্যও ভালো।

ডিম ঃ প্রদিনি একটি করে সিদ্ধ ডিমের সাদা অংশ খাওয়া যেতে পারে। প্রোটিনের সবচেয়ে সস্তা ও সেরা উৎষস ডিম।

দুগ্ধজাত খাবার ঃ টক দই বা ঘরে তৈরি পনির বা ছানা খান।

এবার আসা যাক ফাইবার যুক্ত খাবার নিযোয় আলোচনায়। ফাইবার বা আঁশযুক্ত খাবার রক্তে সুগার স্পাইক প্রতিরোধ করে।

লাল আটা ও লাল চাল ঃ সাদা চাল বা ময়দার বদলে ভুসিযুক্ত লাল আটা বা লাল চাল বেছে নিতে পারেন।

সবুজ শাকসব্জি ঃ পাতে অর্ধেকটা অংশ সবুজ শাকসব্জির তরকারি (যেমন -পালং শাক, লাউ, করলা, পটোল, বাঁধাকপি, ফুলকপি, ব্রকোলি, শিম, কুমড়ো, পেঁপে, ঢেঁড়শ) দিয়ে ভরিয়ে দিন। মোট কথা আলু খুব কমিয়ে দিয়ে বাকি সব সব্জিই খেতে পারেন। এছাড়া গোটা ফল খান। গোটা ফলেও প্রচুর ফাইবার আছে।

ডায়াবেটিসকে সাইলেন্ট কিলার বলা হয়। এর কারণগুলি কী কী?

ডায়াবেটিস শরীরের খুব ধীরে ধীরে ব্লাড সুগারের মাত্রা বাড়ায়। খুব ধীরে পরিবর্তন হওয়ার কারণে রোগী বুঝতেও পারেন না যে তাঁর ব্লাড সুগার বেড়ে গিয়েছে। অনেক সময় দেখা যায় রোগী অন্য কোনও সমস্যা নিয়ে চিকিৎসকের কাছে এসেছেন। চিকিৎসক জেনারেল ব্লাড সুগার টেষ্ট করাতে দিয়েছেন। তাতেই ধরা পড়েছে ডায়াবেটিস।

দীর্ঘদিন রোগ ধরা না পড়ায় রক্তে থাকা সুগার জমা হতে থাকে বিভিন্ন অঙ্গের সুক্ষ্মসূক্ষ্ম রক্তজালিকায়। এভাবে ধীরে ধীরে হার্টের করোনারি আর্টারিতে জমে প্লাক। সুগার জমে কিডনির সূক্ষ্ম রক্তজালিকায়, রেটিনার রক্তনালিতে। দেখা দেয় হার্ট অ্যাটাক, ষ্ট্রোক, কিডনি ফেলিওর, ডায়াবেটিক রেটিনোপ্যাথির মতো জটিলতা। (এরপর ৪-এর পাতায়)

Guide - [594]_Jaruree Guide 16-02-2026 22:45 Page 4

সুচিকিৎসা

কম বয়সীদের মধ্যে হার্ট অ্যাটাক

ডাঃ সুপ্রতীপ কুন্ডু ঃ কল্লোলিনী তিলোত্তমা এখন মল কালচারে অভ্যস্ত। ৮ থেকে ৮০ সকলেরই সানডে অডিটিং মানেই যে কোনও শপিং মলে সারাটা দিন উদযাপন। বিলাসবহুল জীবনযাত্রা, ফাস্টফুড আসক্তি এবং অন্য কিছু অভ্যাসের কারণে কমবয়সীদের মধ্যে হার্ট অ্যাটাকের প্রবণতা ক্রমশঃ বাড়ছে। তাই চিকিৎসক মহল বেশ চিন্তিত। প্রয়োজন সার্বিক সচেতনতা। জানালেন বিশিষ্ট কার্ডিওলজিস্ট ডাঃ সুপ্রতীপ কুন্ডু।

হার্ট অ্যাটাক কী ?

হার্ট অ্যাটাক মানবদেহের হার্টের রক্তবাহী নালীতে হঠাৎ করে রক্ত সঞ্চালন বন্ধ হয়ে যাওয়া। এর ফলে হার্টের কর্মক্ষমতা বিঘ্নিত হয়ে রোগীর মৃত্যু ঘটতে পারে।

কারণ (কমবয়সীদের হার্ট অ্যাটাক)

কমবয়সীদের মধ্যে হার্ট অ্যাটাক বৃদ্ধির নানান কারণ রয়েছে। প্রথম ভারতীয়দের মধ্যে করোনারি হার্ট ডিজিজ ইউরোপীয়ান বা আমেরিকানদের চেয়ে ৫-১০ বছর আগে দেখা দেয়। এছাড়া বর্তমানে অল্পবয়সীদের মধ্যে —

- ✤ লাইপোপ্রোটিন অধিক মাত্রায় বৃদ্ধি।
- ✤ অনিয়ন্ত্রিত জীবনযাত্রা, শারীরিক পরিশ্রম না করা।
- ✤ জাঙ্ক ফুডের প্রতি আসক্তি।
- ✤ রক্তে সুগারের অধিক্য।
- ✤ অতিরিক্ত মানসিক চাপ।
- ✤ বংশে হার্ট অ্যাটাকের ইতিহাস।
- ✤ অনিয়ন্ত্রিত ওজন ইত্যাদির কারণে হার্ট অ্যাটাকের সম্ভাবনা দ্বিগুণ বৃদ্ধি পাচ্ছে।

উপসর্গ

- ✤ হার্ট অ্যাটাকের প্রধান উপসর্গ অ্যাকিউট চেস্ট পেইন।
- ✤ ঘাম হওয়া, ব্যথা বুক থেকে পিঠে ও দু'হাতে ছড়িয়ে যায়।
- ✤ অনেক সময় চোয়ালে, দাঁতে ও কানেও ছড়ায়।
- ✤ গ্যাস ও অম্বল হওয়া।
- ✤ রোগী অজ্ঞান হয়ে যেতে পারেন।

রিস্ক ফ্যাক্টর

- ✤ উচ্চ রক্তচাপ।
- ✤ হাই ব্লাড সুগার।
- ✤ হাই কোলেস্টেরল।
- ✤ অত্যধিক ওজন।
- ✤ ধুমপান ও মদ্যপান।

শনাক্তকরণ

✤ ই.সি.জি.ই আদর্শ পরীক্ষা, তবে অনেক সময় ই.সি.জি.-তে হার্ট অ্যাটাক ধরা না পড়লে আধ ঘন্টা পর পর একাধিকবার ই.সি.জি. করে দেখা উচিত।

✤ এছাড়া অসুখ নিশ্চিত করার জন্য ইকোকার্ডিওগ্রাম করা হয়।

চিকিৎসা

✤ এক্ষেত্রে সবচেয়ে ভালো চিকিৎসা হল প্রাইমারি অ্যাঞ্জিওপ্লাস্টি করা। হার্ট অ্যাটাকে মাল্টিপল ব্লকেজ সাধারণতঃ থাকে না তাই অ্যাঞ্জিওপ্ল্যাস্টি করলেই রোগ নিরাময় সম্ভব।

✤ তবে মাল্টিপল ব্লক থাকলে অনেক সময় বাইপাস সার্জারি করা হয়ে থাকে। যদি অ্যাঞ্জিওপ্লাস্টির সুযোগ না থাকে তাহলে থ্রম্বোলাইটিক থেরাপি অর্থাৎ ওষুধের সাহায্যে করোনারি ধমনীর জমাট বাঁধা রক্ত অপসারণ করা হয়।

✤ তবে হার্টের আর্টারি ব্লকেজ যদি ৫০-৬০ শতাংশ হয় তাহলে তার চিকিৎসা ওষুধের (অ্যাসপিরিন, স্ট্যাটিল, লাইট্রোগ্লিসারিল) মাধ্যমেই করা হয়।

সতর্কতা

বর্তমানে কম বয়সীদের মধ্যে যে পরিমাণে হার্ট অ্যাটাকের প্রবণতা বৃদ্ধি পাচ্ছে তাতে একদম প্রাথমিক অবস্থা থেকে সতর্কতা অবলম্বন না করলে পরবর্তী ক্ষেত্রে মারাত্মক আকার ধারণ করতে পারে। তাই যে যে সতর্কতাগুলি পালন অবশ্য কর্তব্য —

- ✤ ২০ বছরের পর থেকেই রুটিন চেকআপ করা।
- ✤ বংশে হার্ট অ্যাটাকের ইতিহাস থাকলে বিশেষ সতর্কতা।
- ✤ প্রেশার, সুগার, কোলেস্টেরল ও ওজন নিয়ন্ত্রণে রাখা।
- ✤ হেলদি খাদ্যাভ্যাস গ্রহণ।
- ✤ নিয়মিত শরীর চর্চা।
- ✤ নেশা আসক্তি থেকে বিরত থাকা।
- ✤ কোনও প্রকার অস্বাভাবিক দেখলেই চিকিৎসকের পরামর্শ নেওয়া।

SPECIALIST	DOCTORS NAME	AVAILABILITY
গ্যাস্ট্রোএন্ট্রোলজিস্ট	ডাঃ নিরাজ আগরওয়ালা এম.ডি, ডি.এম. (গ্যাস্ট্রো)	সোম থেকে শুক্র
	ডাঃ আবদুল্লাহ মহম্মদ হাসান এম.ডি (মেডিসিন), ডি.এম (হেপাটোলজি)	প্রতি শনিবার
নেফ্রোলজিস্ট	ডাঃ অভিরাল কাশ্যপ এম.ডি, ডি এন বি, ডি.এম (নেফ্রো)	21.02.2026
নিউরো পেডিয়াট্রিসিয়ান	ডাঃ ইন্দ্রাশিষ রায় চৌধুরী এম.ডি (পেডিয়াট্রিক), ডি.এন.বি	মাসে একবার
বিশিষ্ট কার্ডিওলজিস্ট	ডাঃ আশফাক আহমেদ এম.ডি, ডি.এম (কার্ডিওলজি)	28.03.2026
নিউরো ফিজিসিয়ান	ডাঃ কৌশিক কর্মকার এম.ডি, ডি.এম পি.ডি.টি (নিউরো)	08.03.2026
ইউরোলজিস্ট ও সার্জেন	ডাঃ কুন্তল পন্ডিত এম.এস, ডি.এন.বি (ইউরো)	17.02.2026
	ডাঃ ইসফাক আহমেদ জিলানী এম.এস, এম.আর.সি.এস, ডি.এন.বি	16.02.2026
ইনফার্টিলিটি ক্লিনিক	ডাঃ সুপর্ণা ব্যানার্জী ডি.জি.ও, এম.ডি, এম.আর.সি.ও.জি	26.02.2026
পেডিয়াট্রিক হেমাটোলজিস্ট	ডাঃ স্নেহা আগরওয়ালা এম.ডি. (পি.এ.ই.ডি), এফ.এন.বি	22.02.2026
চক্ষুরোগ বিশেষজ্ঞ ও সার্জেন	ডাঃ আঁচল আগরওয়াল এম.বি.বি.এস, ডি.ও (আর আই ও, কোল)	প্রতিদিন
নিউরো সার্জেন	ডাঃ শেখ ইমরান আলি এম.বি.বি.এস, ডি.এন.বি, এম.সি.এইচ. (নিউরো)	01.03.2026
	ডাঃ অশোক কুমার আচার্য্য এম.এস, এম.সি.এইচ (নিউরো)	প্রতি মঙ্গল ও বুধবার

শিশুর মনের দরজা খোলার ৭টি কার্যকরী প্রশ্ন

নিজস্ব প্রতিনিধি

যতই প্রযুক্তি আমাদের ঘিরে থাকুক না কেন, এখনও বহু অভিভাবক বিশেষ করে মায়েরা সন্তানের স্কুল ছুটির অপেক্ষায় থাকেন। কারণ, সন্তান স্কুল থেকে ফিরলে তার সঙ্গে যে জমিয়ে গল্প করা যাবে। তাই সন্তান ফিরলে একরাশ উত্তেজনা নিয়ে তাকে প্রশ্ন করেন, 'কেমন ছিল স্কুল?' কিন্তু সন্তান মাত্র একটি শব্দে উত্তর দেয়, 'ভালো'। আর এতেই মায়ের সব উত্তেজনা দমে যায়। এই 'কথার দেওয়াল' ভেঙে শিশুর মনের গভীরে পৌঁছানোই আজকের দিনে অভিভাবকদের কাছে সবচেয়ে বড় চ্যালেঞ্জ।

প্যারেন্টিং বিশেষজ্ঞ অ্যামি মরিনের মতে, আমরা যে প্রশ্ন করি, তার মধ্যেই লুকিয়ে রয়েছে ব্যর্থতার বীজ। 'কেমন ছিল স্কুল?' - এটি একটি শুষ্ক ও সাধারণ প্রশ্ন, যার উত্তর শুধু 'হ্যাঁ/না' বাচক উত্তরকেই উৎসাহিত করে। যদি আমরা গভীর আত্মিক সংযোগ তৈরি করতে চাই, তাহলে আমাদের প্রশ্ন হতে হবে নির্দিষ্ট, কৌশলগত এবং অনুভূতির দিকে নির্দেশিত।

'কেমন ছিল স্কুল?' - প্রশ্নটি শিশুকে তার অভিজ্ঞতা নিয়ে কোনও বিশ্লেষণ বা ভাবনা প্রকাশ করতে উৎসাহিত করে না। বরং আপনার প্রশ্ন হওয়া উচিত এমন যা তার সারাদিনের ছোট ছোট ঘটনা, আবেগ বা চিন্তাকে উন্মোচন করবে। যেমন -

আজ কোন বিষয়টা তোমার কাছে সবচেয়ে মজার ছিল?

এই প্রশ্নটি সরাসরি ইতিবাচকতা ও আনন্দের ওপর জোর দেয়। যখন আপনি 'কী শিখেছ' জিজ্ঞেস করেন তখন শিশুর ওপর এক ধরনের চাপ তৈরি হয়। কিন্তু 'সবচেয়ে মজার কী ছিল' জিজ্ঞাসা করলে সে তার প্রিয় শিক্ষকের কোনও উক্তি, খেলার সময়কার কোনও মজার ঘটনা বা ল্যাবরেটরির কোনও কৌতূহলোদ্দীপক অভিজ্ঞতার কথা বলতে পারে। আলোচনা ইতিবাচকভাবে শুরু হলে সন্তানের মন সহজে খোলে।

আজ কারও কোনও ভুল তুমি ক্ষমা করে দিয়েছ?

এটি একটি শক্তিশালী এবং চরিত্র-নির্ভর প্রশ্ন। এর মাধ্যমে তার মধ্যেকার সহমর্মিতা এবং সামাজিক দক্ষতা কেমন কাজ করছে তা বোঝা যায়। এই প্রশ্নের উত্তরে হয়তো বেরিয়ে আসবে যে, খেলার সময় কোনও বন্ধু তাকে ধাক্কা মারলেও সে রাগ করেনি বা ভুল করলেও ক্ষমা করে দিয়েছে। এটি সরাসরি নৈতিকতা ও অন্যের প্রতি তার ভূমিকাকে জানতে সাহায্য করে।

আজ কোনও বন্ধু তোমাকে সাহায্য করেছে?

এই প্রশ্নটি তার বন্ধু মহলে ঘনিষ্ঠতা এবং সামাজিক বৃত্ত সম্পর্কে ধারণা পাওয়ার জন্য গুরুত্বপূর্ণ। শিশুরা বন্ধুত্বের মাধ্যমেই নিজেদের আবিষ্কার করে। এই প্রশ্নের উত্তরে আপনি বুঝতে পারবেন কার সঙ্গে তার সম্পর্ক সুদৃঢ় এবং কারা তার ওপর ইতিবাচক বা নেতিবাচক প্রভাব ফেলেছে।

তুমি কি এমন কিছু করেছ, যা তোমার করা উচিত হয়নি?

শুনতে কঠিন লাগলেও, এই প্রশ্নটি স্বীকারোক্তি ও সততাকে উৎসাহিত করে। যদি আপনার সন্তান কোনও ভুল করে থাকে, তবে সে আপনার কাছে নিরাপদ বোধ করে তা বলার সুযোগ পাচ্ছে। আপনি যখন বকাঝকা করার পরিবর্তে সহমর্মিতা দেখাবেন, তখন সে ভবিষ্যতে আপনার প্রতি আরও বেশি আস্থা রাখতে শিখবে।

আজ কোন জিনিসটা তোমায় সবচেয়ে বেশি ভাবিয়েছে?

প্রতিটি মানুষের জীবনেই চ্যালেঞ্জ বা বিরক্তি থাকে। কঠিন কোনও বিষয় বুঝতে না পারা বা সহপাঠীর খারাপ ব্যবহার- যে কোনও কিছুই তাকে দুঃখ দিতে পারে। এই প্রশ্নটি তার মানসিক চাপ বা দুশ্চিন্তার ক্ষেত্রটি চিহ্নিত করতে সাহায্য করবে। আপনি তখন তাকে সঠিক দিকনির্দেশনা দিয়ে তার মানসিক ভার হালকা করতে পারবেন।

যদি তুমি শিক্ষক হতে তাহলে কী করতে বা কী শেখাতে?

এই প্রশ্নটি মজার, সৃজনশীল এবং শিশুটির ব্যক্তিগত অনুরাগ উন্মোচন করে। সে হয়তো বলবে, 'আমি আজ ফুটবল খেলা শেখাতাম', অথবা 'আমি মহাকাশ বিজ্ঞানে হাতেকলমে কিছু করে দেখাতাম'। এর মাধ্যমে আপনি তার প্যাশন বা আগ্রহের ক্ষেত্রটি জানতে পারবেন।

কাল ক্লাসে কী শেখানো হবে, তোমার কৌতূহল আছে কি?

এই প্রশ্নটি ভবিষ্যৎ ভাবায় এবং স্কুলের প্রতি তার আগ্রহকে চাগিয়ে তোলে। এর উত্তরে যদি সে আগামীর কোনও পাঠের বিষয়ে উত্তেজিত থাকে, তাহলে বোঝা যায় সে যথেষ্ট মনোযোগ দিয়ে বর্তমান ক্লাসের কথা শুনছে।

কত অজানারে

❖ ব্যবহৃত চা-পাতা ফেলে না দিয়ে ভাল করে রোদে শুকিয়ে নিন। এইভাবে ঐ চা' পাতা ধুনোর বদলে ব্যবহার করুন। শুকনো চা' পাতা পোড়ানো ধোঁয়ায় ঘরের সমস্ত মশা, মাছি পালিয়ে যাবে।

❖ দই যদি নষ্ট হয়ে যায় তো ফেলে দেবেন না। বাড়িতে কারি পাতার গাছ থাকলে তার গোড়ায় মাটিতে দিন। এতে পাতার তেজ ও সুগন্ধ দুই-ই বাড়বে।

❖ কয়লা বা কাঠ-কয়লার আগুনে নিমপাতা পড়লে যে ধোঁয়া হবে তাতে সবংশে মশা পালাবে।

মালদা জেলা থেকে সূর্য্যোদয় ও সূর্যাস্তের সময়সূচী

ফেব্রুয়ারি থেকে মার্চ - ২০২৬

তারিখ	সূর্য্যোদয়	সূর্যাস্ত
20.02.2026	06:08 ↑ (115°)	17:34 ↑ (245°)
21.02.2026	06:07 ↑ (115°)	17:35 ↑ (245°)
22.02.2026	06:06 ↑ (115°)	17:35 ↑ (245°)
23.02.2026	06:05 ↑ (115°)	17:36 ↑ (245°)
24.02.2026	06:04 ↑ (115°)	17:36 ↑ (245°)
25.02.2026	06:04 ↑ (115°)	17:37 ↑ (245°)
26.02.2026	06:03 ↑ (115°)	17:37 ↑ (245°)
27.02.2026	06:02 ↑ (115°)	17:38 ↑ (245°)
28.02.2026	06:01 ↑ (115°)	17:38 ↑ (245°)
01.03.2026	06:00 ↑ (115°)	17:39 ↑ (245°)
02.03.2026	05:59 ↑ (115°)	17:39 ↑ (245°)
03.03.2026	05:58 ↑ (115°)	17:40 ↑ (245°)
04.03.2026	05:57 ↑ (115°)	17:40 ↑ (245°)

যে কোনো দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন দিতে 977 5454 577

সুগার কমাতে

(তৃতীয় পাতার পর)

এই প্রসঙ্গে আরও একটা কথা বলি। কিছু কিছু রোগী বলেন, তাঁর ফাস্টিং, পিপি টেষ্ট-এ রক্তে উচ্চ মাত্রার সুগারের উল্লেখ নেই, তা সত্বেও তাঁর কেন নানা ধরনের শারীরিক সমস্যা হচ্ছে। এক্ষেত্রে দেখতে হবে এইচবিএ১সি-এর রিপোর্ট। নানা সময়েই দেখা নিয়েছে, কোনও কোনও ব্যক্তির ব্লাড সুগার বাড়ে ব্রেকফাস্টের পর। অথচ ফাস্টিং হয় খালি পেটে আর পিপি হয় খাবার খাওয়ার ২ ঘন্টা পরে। ফলে ওই মাঝের ২ ঘন্টায় বা ব্রেকফাস্টের পরেই সুগারের মাত্রা বাড়ছে। এইচিবিএ১সি পরীক্ষার রিপোর্টে এই ধরনের সুগারের বাড়া-কমা পরিষ্কার ধরা পড়ে।

আরও একটা কথা বলি। বিশেষ করে প্রশ্নটা যখন 'সাইলেন্ট কিলার' নিয়ে। বিশেষ করে দীর্ঘদিনের সুগার রোগীর বিষয়টা জানা প্রয়োজন।

অনেক সময়েই সুগার রোগী ব্লাড ইউরিয়া, ক্রিয়েটিনিন পরীক্ষা করান ও তাতে কোনও সমস্যা ধরা পড়ে না। তবে সকালে ইউরিন করার সময় প্রচুর ফেনা তৈরি হতে দেখা যায়, যা আসলে প্রোটিন লিক-এর দিকে নির্দেশ করে। সেক্ষেত্রে মাইক্রো অ্যালবুমিন রয়েছে কি না তার পরীক্ষা করানো যেতে পারে। কেন না কিডনির সমস্যা থাকলে বহু দিন আগে থেকেই ইউরিনে অ্যালবুমিন লিক হতে শুরু করে।

হার্টের ক্ষেত্রে আবার পাম্পিং ঠিক থাকে, তবে রিল্যাক্সেশন সঠিকভাবে হয় না। সেক্ষেত্রে ডায়াস্টোলিক হার্ট ফেলিওরের আশঙ্কা একটা থেকেই যায়। আবার হার্টের পেশিতে অক্সিজেন এবং পুষ্টি উপাদান সরবরাহকারী ধমনিতে যদি কোনও ব্লক হয় তাহলেও প্রথম দিকে বিষয়টি বোঝা সম্ভব হয় না। ৩০-৪০ শতাংশ ব্লক হলে কিছু বোঝা যায় না। ৬০-৭০ শতাংশ ব্লক হলে তখন সমস্যা গোচরে আসে। হার্টে ব্যথা শুরু হয়। আরও বড় জটিলতা হল, ডায়াবেটিস থাকলে রোগী হার্ট অ্যাটাকের ব্যথা নাও অনুভব করতে পারেন। কারণ দীর্ঘদিন ধরে ডায়াবেটিস থাকলে (পরের সংখ্যায়)